

## বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট: [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার লেটার নং-০২/২০১৭

তারিখ: ০৬ মাঘ, ১৪২৩  
১৯ জানুয়ারী, ২০১৭

মূখ্য নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল বীমাকারী

প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মনোনয়নের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী।

শ্রীয় মহোদয়,

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের ১০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের বিএফআইইউ সার্কুলার-১৬ এর অনুচ্ছেদ ১.৩(১)(ক) এ প্রত্যেক বীমা প্রতিষ্ঠানের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা/Chief Anti Money Laundering Compliance Officer (CAMLCO) হিসেবে একজন ‘উর্ধ্বতন কর্মকর্তাকে’ মনোনয়নের নির্দেশনা রয়েছে। এক্ষণে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ‘উর্ধ্বতন কর্মকর্তা’ বলতে বীমা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার পরবর্তী দুই (২) ধাপ পর্যন্ত পদব্যাদার কর্মকর্তাগণ বিবেচিত হবেন।

উল্লেখ্য, বীমা কোম্পানী/কর্পোরেশনসমূহের CAMLCO নির্বাচনের ক্ষেত্রে মানিলভারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধি-বিধান, বিএফআইইউ এর সকল নির্দেশনা ও এতদ্বিষয়ে আন্তর্জাতিক মানদণ্ডসমূহের উপর মনোনীত কর্মকর্তার সম্যক ধারণা থাকা বাঞ্ছনীয় হবে।

উপর্যুক্ত নির্দেশনা অনুসরণপূর্বক মনোনীত CAMLCO-এর হালনাগাদ তথ্যাদি আগামী ১৫ (পনের) দিনের মধ্যে অত্র ইউনিটকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে। ভবিষ্যতে মনোনয়ন পরিবর্তনের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনা অনুসরণপূর্বক অবিলম্বে অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নং-বিএফআইইউ(বীমা)-১/২০১৭-

তারিখ: উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো (জ্যোঠার ক্রমানুসারে নয়):

- চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, এসবিসি টাওয়ার (৮ম তলা), ৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা।
- গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ডেপুটি গভর্নর মহোদয় ও হেড অব বিএফআইইউ এর সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- নির্বাহী পরিচালক ও ডেপুটি হেড অব বিএফআইইউ এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশন, হোসেন টাওয়ার (৯ম তলা), বক্স কালভার্ট রোড, ১১৬, নয়া পল্টন, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ ইস্যুরেন্স ফোরাম, পিপল্স ইস্যুরেন্স বিল্ডিং (২য় তলা), ৩৬, দিলকুশা বা/এ, ঢাকা।

(মোঃ গোলাম কবির)

মহাব্যবস্থাপক

ফোনঃ ২৫৫৬৬৫০০১-২০/২০২৮০  
ই-মেইলঃ golam.kabir@bb.org.bd